ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

রাজস্ব বিভাগ

www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

রাজস্ব পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

সভার স্থান : নগর ভবন, লেভেল-৬, গুলশান-২, ঢাকা

তারিখ ও সময় : ১২/০১/২০২৩ খ্রি., দুপুর ১২.০০ ঘটিকা

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি বলেন মাননীয় মেয়র জরুরী কাজে অফিসের বাইরে থাকায় তিনি সভাটি পরিচালনা করছেন।

২.০০ অতঃপর সভাপতি বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের ৬ (ছয়) মাসের আদায় আশাব্যঞ্জক। আবাসিক, বাণিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানসমূহ ক্ষেত্রে কর আরোপ ও আদায় নিয়মিত মনিটরিং করায় আদায়ের হার বৃদ্ধি পেয়েছে। তাছাড়া সঠিক সময়ে কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি ও নিয়োগের জন্য এ সফলতা এসেছে। বিগত বছরগুলোর তুলনায় আমাদের রাজস্ব আয়ে বৃদ্ধি পেয়েছে। রাজস্ব আদায়ের সাথে সংশ্লিষ্ট সকলকে দক্ষতার সাথে কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল সিটি কর্পোরেশনকে আর্থিক সক্ষমতা অর্জন করে নিজের পায়ে দাঁড়াতে হবে মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা রয়েছে।

৩.০০ সভাপতি বলেন সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারী হিসেবে সকলের উপর অনেক দায়িত্ব রয়েছে। তিনি সকলকে তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করেন। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের যে সকল এলাকাসমূহ ট্রেড লাইসেন্স এর আওতায় আসেনি তা চিহ্নিত করে ট্রেড লাইসেন্স এর আওতাভূক্ত করার পরামর্শ প্রদান করেন। রিকসা লাইসেন্স এর বর্ধিত ফি মন্ত্রণালয়ে কর্তৃক অনুমোদনের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাসহ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। এতে বিজ্ঞাপন খাতসহ ট্রেড লাইসেন্স ও হোল্ডিং ট্যাক্স খাতে রাজস্ব আয় আরো বৃদ্ধি পাবে মর্মে আশা ব্যক্ত করেন। মোবাইল কোর্ট পরিচালনাকালে স্ব স্ব সম্মানিত কাউন্সিলরগণকে অবহিত করাসহ সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করার জন্য নির্দেশনা প্রদান করেন। রাজস্ব আদায়ের হার সন্তোষজনক হলে আগামি অর্থ বছরে পৃথকভাবে রাজস্ব বিভাগের পুরস্কার বিতরণের অনুষ্ঠানের আয়োজন করা হবে মর্মে সভার সভাপতি সকলকে আশ্বস্ত করেন এবং উপস্থিত সকলের মতামত আহবান করেন।

৪.০০ অত:পর আর্থিক পরামর্শক বলেন, কর সমতাকরনের বিষয়ে কার্যক্রম শুরু হলেও বর্তমানে তা বন্ধ আছে, তিনি কর সমতাকরণের কার্যক্রম শুরু করার প্রস্তাব পেশ করেন। সভাপতি এ্যাসেসমেন্ট এ চ্যালেঞ্জ কি তা আর্থিক পরামর্শক এর কাছে জানতে চাইলে আর্থিক পরামর্শক বলেন যে, জনবল বৃদ্ধিসহ এসেসর নিয়োগ করে জোন ভিত্তিক কর সমতাকরণের কার্যক্রম শুরু করা যায়। এছাড়া আউটসোর্সিং এর জনবলের মাধ্যমে সম্মানিত করদাতাগণের মোবাইল, এনআইডি ও ই-মেইল সংগ্রহ করা হলেও বাংলাদেশের প্রেক্ষাপটে সকলে ই-মেইল পড়ে না কিংবা অনেকে এখনোও ই-মেইল সম্পর্কে জ্ঞাত নয়। তিনি প্রচলিত পদ্ধতিতে প্রতিটি বাড়ি-বাড়ি নোটিশ প্রেরণের পাশাপশি ই-মেইল প্রদানের পরামর্শ প্রদান করেন।

তিনি আরও বলেন, ২০০৮ সালে প্রণীত রেইট চার্ট অনুযায়ী (গুলশান, বনানী ও বারিধারা ব্লক-কে ব্যাতীত)+মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক কর ধার্যের প্রস্তাব এবং গুলশান, বনানী ও বারিধারা ব্লক-কে ২০২১ সালে প্রণীত রেইট চার্ট অনুযায়ী কর ধার্যের প্রস্তাব প্রেরণের জন্য পরামর্শ প্রদান করেন।

৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ বলেন, ইতোমধ্যে আউটসোর্সিং এর জনবল দিয়ে মোবাইল নম্বর, এনআইডি ও ই-মেইল সংগ্রহ করা হলেও এর সঠিকতা জানা নেই। কর সমতাকরনের কার্যক্রম শুরু হয়েছে, অঞ্চল-৩ এ অদ্যাবধি ১১৫৬টি হোল্ডিংয়ের কর সমতাকরনের কাজ প্রায় সম্পন্ন হয়েছে, দ্রুত কর পরিশোধের জন্য তাদেরকে নোটিশ প্রাদান করা হবে মর্মে তিনি সভায় জানান। তিনি আরো জানান কর্মচারীদের পদোন্নতি দেয়া হলেও অঞ্চলে ১ (এক) জনও হিসাব সহকারী না থাকায় দাপ্তরিক কাজ ব্যাহত হচ্ছে।

৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৬ জানান, ইতোমধ্যে অঞ্চল-৬ এর জন্য একটি অফিস ভাড়া নেয়া হয়েছে। অত্র অঞ্চলের আওতাধীন আবাসিক এলাকাসহ অনেক বাণিজ্যিক প্রতিষ্ঠান রয়েছে। কিন্তু উক্ত অঞ্চলে লাইসেন্স সুপারভাইজারসহ হিসাব সহকারী পদে কোনো কর্মচারী পদায়ন করা হয়নি বিধায় ট্রেড লাইসেন্স ইস্যুসহ নথি উপস্থাপনে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

৫. প্রোগ্রামার জানান, অদ্যাকার সভার পূর্ব পর্যন্ত ২,৮৫,০০০টি হোল্ডিং রেভিনিউ অটোমেশন সফটওয়্যারে এন্ট্রি করা হয়েছে এবং এর মধ্যে ৭১,০০০টি নথি সৃজন করা হয়েছে।

৬. প্রধান রাজস্ব কর্মকর্তা জানান ডিএনসিসিতে অটোমেশন কাযক্রম চালু হলেও ট্রেড লাইসেন্স এর ক্ষেত্রে এখনো অনলাইনে আবেদন করার পর গ্রাহককে অফিসে আসতে হয় তাহলে অটোমেশনের সুফল কি? তিনি এ বিষয়ে ট্রাস্ট ইনোভেশন লিমিটেড এর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া তিনি কর সমতাকরণ ও ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট কর কর্মকর্তাদের আরও গুরুত্বের সাথে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন। এছাড়া ট্রাস্ট ইনোভেশন লিমিটেডকে অটোমেশন সফটওয়্যারটি আরো ইউজার ফ্রেন্ডলি করার জন্য পরামর্শ প্রদান করেন।

৭. পরিশেষে সভাপতি উপস্থাপিত হিসাব বিবরণীর উপর বিস্তারিত আলোচনা করেন। তিনি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে পলিসি থ্র করে প্রস্তাব পেশ জন্য নির্দেশনা প্রদান করেন। তাছাড়া ছাদ বাগানের ১০% রিবেটের বিষয়টি দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ের অনুমোদন নেয়ার বিষয়ে যোগাযোগ করার জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে নিদের্শনা প্রদান করেন।

৮. সরকারি নির্দেশনা মোতাবেক আবাসিক এলাকায় ট্রেড লাইসেন্স ইস্যু কার্যক্রম বন্ধ রয়েছে। কিন্তু আবাসিক এলাকায় বানিজ্যিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এতে ডিএনসিসি বিপুল পরিমাণে রাজস্ব হারাচ্ছে। এ বিষয়ে সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয় মহোদয়ের সাথে আলাপ হয়েছে মর্মে প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় জানান। তিনি প্রধান রাজস্ব কর্মকর্তাকে বিস্তারিত জেনে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। মাননীয় মেয়রের সাথে আলোচনাপূর্বক প্রতিটি অঞ্চলে কর পুন:মূল্যায়ন (Re-Assessment) কার্যক্রম শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন।

৯. সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত/সুপারিশসমূহ গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	আবাসিক এলাকায় বানিজ্যিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত সমস্যা নিরসনের লক্ষ্যে ইতোপূর্বে মন্ত্রণালয় প্রেরিত পত্রের হালনাগাদ তথ্যাদি সংগ্রহপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১. প্রধান রাজস্ব কর্মকর্তা

২	ক) বিজ্ঞাপন খাতসহ ট্রেড লাইসেন্স খাতে রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) কর বহির্ভূত সকল বাড়ি/অবকাঠামো/ ফ্ল্যাট/ স্থাপনা করের আওতায় আনা এবং বড় বড় পাওনার তালিকা প্রণয়নপূর্বক. সম্মানিত কাউন্সিলরগণকে নিকট প্রেরণ করত: কর আদায়ের বিষয়ে সার্বিক তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সম্মানিত কাউন্সিলর ২. প্রধান রাজস্ব কর্মকর্তা ৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ৪. কর কর্মকর্তা (সকল)
৩	রেভিনিউ অটোমেশন সফটওয়্যারটি আরো ব্যবহার বান্ধব/ইউজার ফ্রেন্ডলি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল ২. ট্রাস্ট ইনোভেশন লিমিটেড
৪	ব্যবহার ভিত্তিতে হোল্ডিং ট্যাক্স আরোপ ও আদায় করত: যথাযথ কর্তৃপক্ষকে নিয়মিত অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ২. কর কর্মকর্তা (পৌরকর)
৫	ছাদ বাগানে রিবেট সংক্রান্ত বিষয় এবং রিকসা লাইসেন্স এর বর্ধিত ফি'র বিষয়ে স্থানীয় সরকার বিভাগে যোগাযোগ করত: হালনাগাদ তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১. প্রধান রাজস্ব কর্মকর্তা
৫	২০০৮ সালে প্রণীত রেইট চার্ট অনুযায়ী (গুলশান, বনানী ও বারিধারা ব্লক-কে ব্যতীত)+মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক কর ধার্যের প্রস্তাব এবং গুলশান, বনানী ও বারিধারা (ব্লক-কে) ২০২১ সালে প্রণীত রেইট চার্ট অনুযায়ী কর ধার্যের প্রস্তাব প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১. প্রধান রাজস্ব কর্মকর্তা ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ৩. কর কর্মকর্তা (পৌরকর শাখা)

সভাপতি সকলকে আন্তরিকভাবে নিজের উপর অর্পিত দায়িত্ব পালনের উৎসাহ প্রদানের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১/২৩

মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১০.০০০০.০২১.০৬.৭৩.২০১৪- ১৫৫ তারিখ: ২১/০১/২০২৩খ্রি.

বিতরণ: কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং- , ডিএনসিসি।
২। প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি।
৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- , ডিএনসিসি।
৪। একান্ত সচিব টু মেয়র, ডিএনসিসি (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। স্টাফ অফিসার টু প্রধান নির্বাহী কর্মকর্তা, ডিএনসিসি (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। জনাব মোঃ বেলাল হোসেন, আর্থিক পরামর্শক, ডিএনসিসি।
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ডিএনসিসি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ওয়েবসাইডে আপলোডের অনুরোধ করা হলো)।
৮। কর কর্মকর্তা, অঞ্চল- , ডিএনসিসি।
৯। ব্যক্তিগত সহকারী টু সচিব, ডিএনসিসি (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি।